সাধন

ধাম, লীলা, পরিকর—মায়াতীত। জীবচিত্ত মায়ামলিন। ভগবং-সায়িধ্য এবং তৎপরিকররপে ভগবংসেবালাভরূপ সাধ্য-বস্তুটী পাওয়ার উপায় কি? ভগবান্ মায়াতীত বস্তু; তাঁহার ধাম, লীলা, লীলা-পরিকর, সমস্তই
মায়াতীত বস্তু। এ সমস্ত যে স্থানে আছে, সেই স্থানে যাওয়ার অধিকার মায়ার নাই, মায়ার সংশ্রব্দুক্ত বস্তুরও
নাই। জীব স্বরূপে চিদ্বস্তু হইলেও মায়ার কবলে পতিত হইয়া মায়িক দেহাদিকে অঙ্গীকার করিয়ছে। মায়ার
সংশ্রবে তাহার চিত্তে ভুক্তি-বাসনাদি যে সমস্ত মলিনতার আবরণ পড়িয়ছে, তাহার ফলে জীবের স্বরূপান্থবন্ধিনী
শ্রীকৃষ্ণ-সেবার বাসনাও প্রচ্ছের হইয়া পড়িয়ছে। মায়ার কবল হইতে উদ্ধার পাইতে না পারিলে তাহার চিত্তের
মলিনতা দূরীভূত হইবে না, স্কতরাং স্বরূপান্থবন্ধিনী-শ্রীকৃষ্ণ-সেবার বাসনাও তাহার চিত্তে উদুদ্ধ হইবে না এবং সেবাপ্রাপ্তির অনুকৃল অবস্থাও তাহার লাভ হইবে না

ভূগবানের করণা। সাধন। পূর্বে বলা হইয়াছে, মায়া ঈশ্ব-শক্তি, শুতরাং জীব তাহাকে অপসাবিত করিতে সমর্থ নিয়। যিনি ঈশ্বরের শরণাপর হয়েন, ঈশ্বর রূপা করিয়া তাঁহাকেই মায়ামূক্ত করিয়া দেন। পরমক্ষণ ভগবান্ সকলকেই সমানভাবে রূপা করিতে—সকলকেই তিনি স্বচরণে শরণ দিতে উৎস্থক; কারণ "লোক নিস্তারিব এই ঈশ্বর-সভাব।" কিন্তু মায়াবদ্ধ জীবের চিত্ত সেই রূপা গ্রহণ করিতে অসমর্থ। স্থ্যারশ্মির ফ্রায় নিরপেক্ষ ভাবে সর্বার তাঁহার রূপা বিতরিত হইতেছে। যোগ্যতা-অমুসারেই জীব-হাদ্য তাহা গ্রহণ করে। তাঁহার এই রূপা-গ্রহণের যোগ্যতা-লাভের উপায় শাস্ত্রে কথিত আছে; এই উপায় অবলম্বন করিলেই ভগবংকুপায় জীব মায়ার কবল হইতে উদ্ধার পাইয়া ভগবং-সারিধ্য এবং ভগবং-পরিকরত্ব লাভ করিতে পারে এবং ভগবং-সেবাদ্বারা কৃতার্থ হইতে পারে। ঐ সমস্ত শাস্ত্রবিহিত উপায়ই হইল জীবের সাধন।

বিভিন্ন সাধনপদ্য। ভগবত্পলাজির অমুকৃল যে সমস্ত সাধন শাস্ত্রে বিহিত আছে, তর্মধ্যে জ্ঞান, যোগ এবং ভক্তিই বিশেষ উল্লেখযোগ্য। যে কোনও সাধনেই যে কোনও ভগবৎ-স্থলপের উপলাজি সম্ভব নহে। সকল অবস্থাতেই সাধক তাঁহার ভাবামুকূল উপলাজিই লাভ করিয়া থাকেন। তাই শ্রীকৃষ্ণ বলিয়াছেন—"যে যথা মাং প্রপাছতে তাংস্তাধৈব ভজামাহম্। গীতা ৪।১১।"

জ্ঞানমার্গ। ভক্তির অপেকা। জ্ঞানমার্গের সাধক নির্বিশেষ বা অব্যক্ত-শক্তিক ব্রন্ধের উপাসনা করেন; তিনি মনে করেন, জীব ও ব্রন্ধে অভেদ; তাঁহার সাধনও তদস্করপ; ব্রন্ধের সহিত সাযুজ্য-প্রাপ্তির (নির্বিশেষ ব্রন্ধের পঙ্গে মিনিয়া এক হইয়া যাওয়াই) তাঁহার কাম্য। ভক্তিশাল্প বলেন—জ্ঞানমার্গের সাধক তাঁহার অভীষ্ট সাযুজ্য লাভ করিতে পারেন; কিন্তু তজ্জ্য তাঁহাকে ভক্তির আশ্রেম গ্রহণ করিতে হইবে। কারণ, পূর্বের বলা হইয়াছে, ঈশ্বরের রূপা ব্যতীত মায়া অপসারিত হইতে পারে না। নির্বিশেষ ব্রন্ধে শক্তির বিকাশ নাই বলিয়া মায়াকে ব্রন্ধ অপসারিত করিতে পারেন না; ভদমুর্বপ কর্ষণা-বিকাশও তাঁহাতে নাই। তাই, জ্ঞানমার্গের সাধককে ভগবানের কোনও সবিশেষ স্বরূপের আরাধনা করিয়া তাঁহার চরণে প্রার্থনা করিতে হইবে—তিনি যেন সাধকের প্রতি রূপা করিয়া মায়ার কবল হইতে তাঁহাকে উদ্ধার করেন; আর তাঁহার নির্বিশেষ স্বরূপের সহিত্য সাধকের সাযুজ্য ঘটাইয়া দেন। এইরপৈ শ্রীনারায়ণাদি কোনও সবিশেষ স্বরূপের উপাসনাতেই ভক্তির আশ্রেম গ্রহণ করিতে হয়; ইহা যিনি না করিবেন, তিনি সাযুজ্য পাইবেন না, তাঁহার চেটা শস্তুলত্বাব্ঘাতীর" চেটার ন্থার বির্বাহিত হইবে। ইহাই ভক্তি-শাল্পের অভিমত।

এস্থলে যে জ্ঞানের কথা বলা হইল, তাহা একটা পারিভাষিক শব্দ; নির্ভেদ-ব্রহ্মামুস্দ্ধিৎস্থ সাধকের সাধনকেই এই জ্ঞান-শব্দে অভিহিত করা হয়। সাধারণ অর্থে জ্ঞানের তিনটা অঙ্গ আছে—তৎ-পদার্থের জ্ঞান বা ভগবত্তব-জ্ঞান, ত্বং-পদার্থের জ্ঞান বা জীব-স্বরূপের জ্ঞান এবং জীব-ব্রহ্মের ঐক্যজ্ঞান। পারিভাষিক জ্ঞান-শব্দে জীব-ব্রহ্মের ঐক্যজ্ঞান।

জ্ঞানকে বুঝায়; ইহাতে সেব্য-সেবকত্বের ভাব নাই বলিয়া ইহা ভক্তিবিরোধী। সাধারণ অর্থে জ্ঞানের অপরতুইটী অঙ্গ ভক্তিবিরোধী নহে। বস্তুতঃ, বিশুদ্ধ জ্ঞান বলিতে—ভগবত্তব্ব-জ্ঞান, জ্ঞীবতত্ব-জ্ঞান এবং উভয়ের
সম্বন্ধের জ্ঞানকেই বুঝায়। ভগবত্তব্ব-জ্ঞান জ্ঞানিলেই সম্বন্ধের জ্ঞান আপনা-আপনিই ক্ষুবিত হয়। তাই প্রকৃত
প্রান্থাবে ভগবত্তব্ব-জ্ঞানই যথার্থ জ্ঞান বা বিশুদ্ধ জ্ঞান। কিন্তু ভগবান্কে জ্ঞানিবার একমাত্র উপায় ইইতেছে ভক্তি।
তাই ভক্তি এবং বিশুদ্ধ-জ্ঞানে বাস্তবিক পার্থক্য কিছু নাই।

সামুজ্যে বেহাভাদান্ম। ভগবৎ-রূপায় যিনি সাযুজ্য লাভ করেন, তিনিও বস্তুতঃ ব্রহ্মের সহিত এক ইইয়া যান না—এক ইইতে পারেনও না; কারণ, এক ইইয়া যাওয়ার অর্থ—নিজের পৃথক্ অন্তিত্ব হারাইয়া কেলা। জীবতত্ব-প্রবন্ধে দেখান ইইয়াছে, জীবের পৃথক্ অন্তিত্ব নিত্য; মোক্ষলাভের পরেও জীবের পৃথক্ অন্তিত্ব থাকে। স্কুরাং সাযুজ্যমুক্তিতে জীব নিজের পৃথক্ অন্তিত্ব হারায় না। অগ্নি-র্নিতে নিক্ষিপ্ত লৌহ যেমন অগ্নি-তাদান্ম্য প্রাপ্ত ইইতে পারে; অগ্নি-তাদান্ম্য প্রাপ্ত ইইতে পারে; অগ্নি-তাদান্ম্য প্রাপ্ত লৌহ অগ্নির মধ্যে থাকিয়াও যেমন স্বীয় স্বতন্ত্র অন্তিত্ব রক্ষা করে, তদ্ধপ বন্ধ-তাদান্ম্য-প্রাপ্ত জীবও ব্রহ্মের মধ্যে থাকিয়াও ব্যামন স্বীয় স্বতন্ত্র অন্তিত্ব রক্ষা করে, তদ্ধপ বন্ধ-তাদান্ম্য-প্রাপ্ত জীবও ব্রহ্মের মধ্যে থাকিয়াও স্বীয় পৃথক্ সন্থা রক্ষা করে; ইহাই ভক্তিশান্ত্রের অভিমত। জ্ঞানমার্গের প্রধান আচার্য্য প্রিপাদ শৃষ্ণরাচার্য্যের—
শুক্তা অপি লীলায়া বিগ্রহং কৃত্বা ভগবন্তঃ ভলতে"—এই বাসনাভাগ্যাক্তিও উক্ত মতেরই সমর্থন করে। যাহা হউক, বন্ধতাদান্মা-প্রাপ্ত জীবের পক্ষে ব্রহ্মের কোনওরূপ সেবার অবকাশ নাই, স্কুরাং ভগবৎ-সেবাজনিত আনন্দোপল্বিও বাহার পক্ষে অসন্তর ; তথাপি, স্বীয় স্বাভাবিকী আনন্দান্ধাদন-স্পৃহাবশতঃ বন্ধ-তাদান্ম্য-প্রাপ্ত জীবও ব্রহ্মের স্কুপানন্দ আস্বাদন করিয়া আনন্দী হইতে পারেন। কিন্তু ইহা শ্রীমন্মহাপ্রভুর অনুগত বৈক্তবের অভীত্ব নহে; কারণ, ইহাতে জীবের স্বর্পান্তবন্ধি কর্ত্তব্য ভগবৎ-সেবা নাই; বিশেষতঃ জীব-ব্রহ্মের অভেদ-জ্ঞান ভক্তির প্রাণ সেব্য-সেবকত্বভাবের প্রতিক্লন।

যোগমার্গ। যোগমার্গের সাধকের উপাশ্ত—অন্তর্গামী পরমাত্মা। সাধক পরমাত্মার সহিত জীবাত্মার সংযোগ কামনা করেন। যোগমার্গেও ভক্তির আন্তর্কুল্য অপরিহার্য। ভক্তির কপায়ই যোগমার্গের সাধক সীয় অভীষ্ট লাভ করিতে পারেন; কিন্তু পরমাত্মার লীলা বা লীলাপরিকর নাই বলিয়া লীলাপরিকরের আন্তর্গত্যে লীলাময় ভগবং- স্বরূপের সেবা যোগমার্গের সাধকের পক্ষে অসম্ভব; তাই শ্রীমন্মহাপ্রভুর অন্তর্গত ভক্ত ইহাও কামনা করেন না।

ভক্তিমার্গ। লীলাময় ভগবানের সম্যক্ সেবা পাওয়া যায়—একমাত্র ভক্তিমার্গের সাধনে। শ্রীভগবান্ নিব্দেই বলিয়াছেন—"ভক্ত্যাহ্মেকয়া গ্রাহ্যং—আমি একমাত্র ভক্তিদারাই প্রাপ্য। শ্রীভা ১১।১৪।২১।" শ্রুতিও বলেন "ভক্তিরশ্য ভজনম্। গোঃ তাঃ। ভক্তিরেব এনং নয়তি, ভক্তিরেব এনং দর্শয়তি, ভক্তিবশঃ পুরুষঃ। ভক্তিরেব ভ্রমী। মাঠর শ্রুতি।"

অতাত সাধনমার্গ অপেক্ষা ভক্তিমার্গের শ্রেষ্ঠত্ব তুইদিক দিয়া লক্ষ্য করা যায়। প্রথমতঃ, ভগত্পলব্ধি-প্রাপকত্বের দিক্ দিয়া, বিতীয়তঃ নিশ্চিততার দিক্ দিয়া। (অভিধেয়-তত্ব প্রবন্ধ ক্রেইব্য)।

জ্ঞান-যোগ-মার্গ অপেক্ষা ভক্তিমার্গেই ভগবত্বপলন্ধির উৎকর্ষ; কারণ, ভগবান ভক্তির বশ, তাই তিনি ভক্তের নিকটেই অল্পান করিয়া থাকেন; তাই ভক্তই তাঁহাকে সম্যক্ত্রপে উপলব্ধি করিতে পারেন। ভগবান্ জ্ঞান-যোগাদির বশীভূত নহেন বলিয়া জ্ঞানী বা যোগী তাঁহার সম্যক্ উপলব্ধি লাভ করিতে পারেন না।

ভক্তির অনন্তাপেকর। জান-যোগাদি-সাধনমার্গ ভক্তির অপেক্ষা রাথে; ভক্তির সাহচর্য্য ব্যতীত তাহার। শ-শ্ব ফল দান করিতে পারেনা। "ভক্তিমুখ-নিরীক্ষক কর্মঘোগ জ্ঞান। ২।২২।১৪" কিন্তু ভক্তি-রাণী কাহারও অপেক্ষা রাখেন না—তিনি স্বতন্ত্রা এবং প্রবলা। ভক্তি সীয় ফল তো দিতে পারেনই, অধিবস্তু ভক্ত ইচ্ছা করিলো, তাহাকে জ্ঞানযোগাদির ফলও অনায়াসে দিতে পারেন। (অভিধেয়-তত্ত্ব প্রবন্ধ দ্রষ্টব্য)।

ভক্তি সর্বসাধন-গরীয়সী। যাহা অন্যম্থে ও ব্যতিরেকম্থে শাস্ত্রে বিহিত, যাহা সার্ব্যক্তিক এবং সদাতন —সাধন-রাজ্যে তাহাই ফলপ্রাপ্তি সম্বন্ধে নিশ্চিত পস্থা। জ্ঞান-যোগাদি ব্যতিবেক-মুখে বিহিত নহে, সার্ব্যক্তিক ও সদাতনও নহে—অর্থাৎ জ্ঞান-যোগাদি ব্যতীত যে ভগবত্পলন্ধি হইতে পারেনা, এমন কথা শান্ত বলেন না; জ্ঞান-যোগাদির দেশকাল-দশা-পাত্রাদির বিচারও আছে। কিন্তু ভক্তির সম্বন্ধে অন্ত কথা। শান্তে অম্ম-মুথে ও ব্যক্তিরেক-মুথে ভক্তির বিধি দেখিতে পাওয়া যায়; ভক্তিমার্গে দেশ-কাল-পাত্রাদির বিচারও নাই। "সর্বাদেশ কাল-পাত্র-দশাতে ব্যাপ্তি যার।" স্কুতরাং ভক্তিই নিশ্চিত সাধন-পদ্ধা। সর্ববিষ্যেই ভক্তি সর্ব্ধ-সাধন-গরীয়সী।

সাধনভক্তির তাৎপর্যা। শ্রীকৃষ্ণসেবাপ্রাপ্তির অন্তর্ক যে সাধন-ভক্তি, তাহার লক্ষণ শাস্ত্রে এইরূপ উক্ত হইয়াছে:—"অন্তাভিলাষিতাশূন্তং জ্ঞান-কর্মাজনার্তন্। আন্তর্কলান কৃষ্ণান্দীলনং ভক্তিকৃত্তমা॥ ভ, র, সি ১'১।লা" শ্রীকৃষ্ণের প্রীতির অন্তর্কুল ভাবে কায়-মনোবাক্য দারা শ্রীকৃষ্ণ-সম্বদ্ধি অন্তনীলনই ভক্তি; ইহাতে যদি শ্রীকৃষ্ণসেবার বাসনা ব্যতীত অন্ত কোনও বাসনা না থাকে এবং ইহা যদি ক্ষান্-কর্মাদি দারা আবৃত না হয়—অর্থাৎ যদি এইরূপ অন্তনীলনে মোক্ষ-বাসনাদি না থাকে এবং ইহকালের বা পরকালের স্থ-ভোগাদির বাসনা না থাকে, তাহা হইলে ঐ আন্তর্কুল্যময় অন্তনীলনকে উন্তমা ভক্তি বলে। গোপাল-তাপনীশ্রুতিও ঐ কথাই বলেন—"ভক্তিরশ্র ভজনম্; ইহা মৃজোপাধিনৈরান্তেনেবাস্থিন্ মনসং কল্পনম্ এতদেব চ নৈক্ষ্যান্॥ পৃং ১৫॥"

বৈধী ভক্তি। যাহা হউক, যাহারা ভগবদ্-ভজনে প্রবৃত্ত হয়েন, তাঁহাদের মধ্যে সাধারণতঃ তুই শ্রেণীর লোক দৃষ্ট হয়। প্রথমতঃ—বাঁহারা কেবল শাস্ত্র-শাসনের ভয়ে ভজনে প্রবৃত্ত হন। "ভগবান্ অনস্ত কোটি ব্রহ্মাণ্ডের অধীশ্বর, অনস্ত ঐশর্যের অধিপতি, জীবের পাপ-পুণ্যের ফ্লদাতা। আমি যদি ভজন না করি, তাহা হইলে পরকালে হয়তো আমাকে অশেষ যন্ত্রণা ভোগ কতিতে হইবে।" ইত্যাদি বিবেচনা করিয়াও অনেক লোক ভজনে প্রবৃত্ত হন। ইহারাও যদি ভক্তি-পথের অম্পরণ করেন, তবে ইহাদের সাধন-ভক্তিকে বলা হয় বৈধীভক্তি। শাস্ত্র-শাসনের ভয়ই ইহার প্রবর্ত্তন। ইহাতে জীব-ঈশ্বরের সেব্য-সেবক-সম্বন্ধের কথা সাধকের চিত্তে জাগরুক থাকিলেও ভগবানের ঐশ্বর্যের জ্ঞানই প্রাধান্ত লাভ করে; কাবণ, ভগবানের ঐশ্বর্যের ভয়েই—ঐশর্যাত্মক-শাসনের ভয়েই সাধকের ভজনে প্রবৃত্তি। স্কতরাং বৈধীমার্গের ভজনে সিদ্ধ হইলে সাধক ভগবানের ঐশ্ব্যাত্মক-স্বরূপের সেবাই প্রাপ্ত হইবেন। প্রীটৈতন্তাচরিতামূত বলেন—"ঐশ্ব্য-জ্ঞানে বিধিমার্গে ভজন করিয়া। বৈকুঠকে যায় চতুর্ব্বিধ মৃত্তিপাঞা।" বিধিমার্গে—ব্রক্তে ব্রক্তেন্ত্র-নন্দনের সেবা পাওয়া যায় না—"বিধিমার্গে ব্রজ্ঞাব পাইতে নাহি শক্তি।" কারণ, ব্রজ্ঞাব গুছ-মাধুর্যাত্মক, ইহাতে ঐশ্বর্যের প্রাধান্ত নাই।

রাগাসুগা ভক্তি। দিতীয়ত:— শাহারা ইহকালের বা পরকালের কথা ভাবিয়া. শান্ত-শাসনের তীব্রতার কথা চিন্তা করিয়া ভয়ে ভজনে প্রবৃত্ত হন না—পরস্ত, অসমোর্দ্ধ-মাধুর্য্যময় শ্রীরুফের সেবা না করিয়া থাকিতে পারেন না বলিয়াই তাঁহার সেবা-যোগ্যতা লাভের উদ্দেশ্যে ভজনে প্রবৃত হয়েন। শান্ত-শাসনের ভয়—স্কুরাং ভগবানের ঐপর্য্য-ভীতি—এই ভজনের প্রবর্ত্তক নহে; পরস্ত, শ্রীরুফ্-সেবার লোভ—স্কুরাং শ্রীরুফ্-মাধুর্য্যের আকর্ষণ — এইরূপ ভজনের প্রবর্ত্তক। ইহাকে বলে রাগাহ্মগা ভক্তি। রাগাহ্মগা-ভক্তি-মার্গের সাধক শ্রীরুফ্ককে নিতান্ত আপনার জন বলিয়া মনে করেন; তাঁহার চিন্তে শ্রীরুফ্গের ঐপর্য্য-ভাব স্থান পায় না, শ্রীরুফ্টের অসমোর্দ্ধ-মাধুর্য্যই তাঁহার চিত্তকে পরিপূর্ণ করিয়া রাখে। স্কুতরাং শুদ্ধ-মাধুর্য্যময়-স্কর্প ব্রক্তেশ্বন সেবাই রাগাহ্মগা-ভক্তি-সাধকের কাম্য।

ব্যহিক অন্তানে বৈধী ও রাগান্থগায় বিশেষ পার্থক্য কিছু নাই—পার্থক্য কেবল সাধকের মনের ভাবেঁ। বৈধী ভাক্তর প্রবর্ত্তক শান্ত্র-শাসনের ভয়; আর রাগান্থগার প্রবর্ত্তক শ্রীকৃষ্ণ-সেবার লোভ। বেমন পাচক-ঠাকুরের রায়া এবং মা বা পত্নীর রায়া। উভয়ের অন্তর্গানই এক—রায়া। কিন্তু পাচক-ঠাকুর ভাল রায়া করে—চাকুরী বজায় রাথার জন্ম; প্রভুর প্রীতি তাহার মুখ্য উদ্দেশ্ম নহে। ইহা বিধিমার্গের অন্তর্গ্রপ। মা বা স্ত্রী ভাল রায়া করেন—সন্তান বা স্বামীর ভৃথির জন্ম; ইহা তাঁহাদের চাকুরী নহে, প্রীতির কার্যা। চাকুরী যাওয়ার ভয় তাঁদের নাই। ইহা রাগাম্থগার অন্তর্গে। বিধিমার্গের সাধক একাদশী-ব্রত করেন—না করিলে নরকে গমন হইবে বলিয়া। রাগমার্গের সাধক একাদশী-ব্রত করেন—করিলে প্রীহরি অত্যন্ত প্রীত হইবেন বলিয়া। উভরেই একাদশী করিলেও তাঁহাদের ভাবের পার্থক্য আছে।